**AKASHVANI(Kolkata)**
**Regional News Unit**

**Date: 03-12-2025** **Desk inCharge : Kalyan L.**
**Time: 1-30 PM** **Compiling : Sudip B./ N.B.R.**
**DEO : KB** **NRT : N.B.R.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো আজ লোকসভায় বলেছেন, ভুয়ো খবর গণতন্ত্রের পক্ষে বিপজ্জনক।

২/ খাদ্য, গণবন্টন, উপভোক্তা বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ যোশী বলেছেন, সারা দেশে রেশন কার্ড ডিজিটাইজ্ড করার কাজ প্রায় ১০০ শতাংশ সম্পূর্ণ হয়েছে।

৩/ আন্তর্জাতিক দিব্যাঙ্গ দিবসের অনুষ্ঠানে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ বলেছেন, বিশেষ ক্ষমতা সম্পন্নদের অনবদ্য সাফল্য সমাজকে অনুপ্রেরণা জোগায়।

৪/ দিল্লী পুরনিগমের অধীন জাতীয় রাজধানীর ১২ টি ওয়ার্ডের মধ্যে বিজেপি, ৭ টি ওয়ার্ডে জয়লাভ করেছে।

৫/ ঘূর্ণিঝড় দিতওয়াহ-র তান্ডবে শ্রীলঙ্কায় মৃতের সংখ্যা ৪৭৪-এ পৌঁছেছে।
# ‘অপারেশন সাগর বন্ধু’র অধীনে ভারত ত্রাণ সহায়তার কাজ চালিয়ে যাচ্ছে।

৬/ রায়পুরে আজ দ্বিতীয় একদিনের ক্রিকেট ম্যাচে দক্ষিণ আফ্রিকা টসে জিতে ভারতকে প্রথমে ব্যাট করতে পাঠিয়েছে।

**********************************************************************

তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন, ভুয়ো খবর বা ফেক নিউজ গণতন্ত্রের পক্ষে বিপজ্জনক। সামাজিক মাধ্যমে ভুয়ো খবর ছড়ানো এবং এ আই নির্মিত ডিপ ফেকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তার ওপর জোর দেন তিনি। লোকসভায় আজ এক অতিরিক্ত প্রশ্নের জবাবে শ্রী বৈষ্ণো বলেন, এ আই নির্মিত ডিপ ফেকের বিরুদ্ধে ব্যবস্থা নিয়ে সরকার একটি নতুন খসড়া নীতি প্রকাশ করেছে।

( বাইট- বৈষ্ণো ফেক নিউজ )

শ্রী বৈষ্ণো বলেন, ভুয়ো খবরের প্রচার বন্ধ করতে কেন্দ্র সরকারের পাশাপাশি রাজ্য সরকার এবং নাগরিক সমাজকেও সমান উদ্যোগী হতে হবে। টিভি চ্যানেল এবং সংবাদপত্রে এ ধরনের কোনো রকম খবর প্রচারিত হলে সরকার ছাড়াও ভারতের প্রেস কাউন্সিল অত্যন্ত তৎপরতার সঙ্গে অভিযোগ খতিয়ে দেখে বিষয়টির নিষ্পত্তি করে থাকে। ডিজিটাল ইন্ডিয়ার মাধ্যমে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশে এক নতুন বিপ্লব এনেছেন এবং গোটা দেশ তা প্রত্যক্ষ করছে। অনলাইন মানি গেমিং নিয়ন্ত্রণ করতে কঠোর আইন প্রণয়ন করা হয়েছে বলেও শ্রী বৈষ্ণো উল্লেখ করেন।

এদিকে, রাজ্যসভাতেও আজ চেয়ারম্যান সিপি রাধাকৃষ্ণানের নেতৃত্বে সভার কাজ চলছে।

*********************

বিরোধী পক্ষের সঙ্গে মতবিনিময়ের পর সরকার জাতীয় স্তোত্র বন্দেমাতরম ও নির্বাচনী সংস্কার নিয়ে সংসদে আলোচনায় রাজি হয়েছে। গত ২দিন ধরে বিশৃঙ্খলা ও বারংবার অধিবেশন ব্যাহত হওয়ার পর লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা সভার নেতৃবৃন্দকে নিয়ে বিজনেজ অ্যাডভাইজরি কমিটির বৈঠকে বসেন। বৈঠকের পর ঠিক হয়, সংসদের নিম্নকক্ষে আগামী ৯ ও ১০ ডিসেম্বর নির্বাচনী সংস্কার নিয়ে ১০ ঘণ্টা আলোচনা হবে। এই বৈঠকে আরও স্থির হয় ৮ ডিসেম্বর বেলা ১২টা থেকে বন্দেমাতরমের ১৫০তম

বার্ষিকী উপলক্ষ্যে বিশেষ আলোচনা হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই বিশেষ আলোচনার সূচনা করবেন। পরে সংসদবিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু সাংবাদিকদের বলেন সংসদীয় গণতন্ত্রে নির্বাচনী প্রক্রিয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই সকলে এই আলোচনায় সম্মত হয়েছেন।

*********************

প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংস্থা (ডিআরডিও) গতকাল চণ্ডীগড়ে উচ্চ-গতির এক রকেট-স্লেড পরীক্ষা সফলভাবে সম্পন্ন করেছে। প্রতিরক্ষা মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে , ক্যানোপি সেভেরেন্স, ইজেকশন সিকোয়েন্সিং এবং সম্পূর্ণ বিমান ক্রু-রিকভারি এই পরীক্ষায় যাচাই করা হয়েছে। এই পরীক্ষাটি ভারতকে উন্নত এই ক্ষমতা সম্পন্ন দেশগুলির সঙ্গে একাসনে বসিয়েছে। চণ্ডীগড়ের টার্মিনাল ব্যালিস্টিকস রিসার্চ ল্যাবরেটরিতে, অ্যারোনটিক্যাল ডেভেলপমেন্ট এজেন্সি (এডিএ) এবং হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড (হ্যাল) এর যৌথ প্রচেষ্টায় এই পরীক্ষাটি পরিচালনা করা হয়। ভারতীয় বিমান বাহিনী (আইএএফ) এবং ইনস্টিটিউট অফ অ্যারোস্পেস মেডিসিন অ্যান্ড সার্টিফিকেশনের অধিকর্তারা এই পরীক্ষায় উপস্থিত ছিলেন।
এই উপলক্ষে, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং সফল এই পরীক্ষার জন্য ভারতীয় বিমান বাহিনী, হ্যাল, এ ডি এ এবং ডিআরডিও-র প্রশংসা করেছেন।

**************************

খাদ্য, গণবন্টন ও উপভোক্তা বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ যোশী বলেছেন, সারা দেশে রেশন কার্ড ডিজিটাইজড করার কাজ প্রায় একশো শতাংশ সম্পূর্ণ হয়েছে। লোকসভায় আজ প্রশ্নোত্তর পর্বে এক অতিরিক্ত প্রশ্নের জবাবে শ্রী যোশী বলেন, ২০ কোটি ৫৮ লক্ষের মতো পরিবারের রেশন কার্ড ডিজিটাইজড হয়ে গেছে। প্রধানমন্ত্রী গরীব কল্যাণ অন্ন

যোজনার অধীনে সরকার উপভোক্তাদের বিনামূল্যে রেশন দিচ্ছে। ২০২৯ সাল পর্যন্ত তা চলবে। এর অধীনে যোগ্য প্রতিটি ব্যক্তিকে মাসে ৫ কেজি খাদ্যশষ্য বিনামূল্যে দেওয়া হয় বলেও মন্ত্রী উল্লেখ করেন।

*************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ বলেছেন, বিশেষ ক্ষমতাসম্পন্নদের সমান চোখে দেখা হলেই সমাজ প্রকৃত অর্থে বিকশিত হয়ে উঠবে। করুণার বদলে দিব্যাঙ্গজনদের শ্রদ্ধা ও সম্মানের সঙ্গে দেখতে হবে। নতুন দিল্লীতে আজ বিশেষভাবে সক্ষমদের আত্মনির্ভর করে তোলার ক্ষেত্রে প্রশংসনীয় কাজের জন্য ব্যক্তি ও প্রতিষ্ঠানকে জাতীয় পুরস্কার প্রদান করেন তিনি। শ্রীমতি মুর্মূ বলেন, দিব্যাঙ্গজনরাও বর্তমানে সামাজিক বিকাশের অংশ নিচ্ছেন। প্রতিবন্ধকতাকে দূরে সরিয়ে ক্রমশঃ এগিয়ে চলেছেন তাঁরা। দিব্যাঙ্গজনদের অনবদ্য সাফল্য সকলকে অনুপ্রেরণা জোগায়। রাষ্ট্রপতি বলেন, ২০১২ সালে প্যারালিম্পিক্সে ভারত মাত্র একটি পদক জিতেছিল, ২০২৪ এ তা বেড়ে ২৯ টি পদকে পৌঁছেছে।

(বাইট- রাষ্ট্রপতি প্যারালিম্পিক্স)

উল্লেখ্য, নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে আজ আন্তর্জাতিক দিব্যাঙ্গ দিবস পালিত হচ্ছে। এবার দিনটি পালনের মূল ভাবনা : "বিশেষভাবে সক্ষমদের সমাজে সক্রিয় অন্তর্ভুক্তির মাধ্যমে সামাজিক অগ্রগতি নিশ্চিত করা" ।

*************************

নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে আজ স্বাধীনতা সংগ্রামী, স্বাধীন ভারতের প্রথম রাষ্ট্রপতি ডক্টর রাজেন্দ্র প্রসাদের ১৪১-তম জন্মদিনে তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হচ্ছে। স্বাধীনতা আন্দোলনে যোগ দিয়ে ডক্টর রাজেন্দ্র প্রসাদ, গান্ধীজীর সান্নিধ্য লাভের পর যোগ দেন অসহযোগ আন্দোলনে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ ডক্টর রাজেন্দ্র প্রসাদের জন্মবার্ষিকী উপলক্ষ্যে রাষ্ট্রপতি ভবনে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণাণও ডক্টর রাজেন্দ্র প্রসাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। স্বাধীনতা আন্দোলনের অন্যতম স্তম্ভ হিসেবে উল্লেখ করে শ্রী রাধাকৃষ্ণাণ, রাজেন্দ্র প্রসাদকে সংবিধান রচয়িতা প্রদর্শক হিসেবেও উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, দেশের প্রথম রাষ্ট্রপতি ডক্টর রাজেন্দ্র প্রসাদের জন্ম বার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেন, ভারতের স্বাধীনতা সংগ্রামে সক্রিয় অংশগ্রহণ এবং গণপরিষদে সভাপতিত্ব থেকে দেশের প্রথম রাষ্ট্রপতির দায়িত্বভার গ্রহণের মধ্য দিয়ে ডক্টর প্রসাদ অতুলনীয় সম্মান, আত্মত্যাগ এবং স্বচ্ছতার সঙ্গে দেশের সেবা করেছেন। তাঁর সাহস এবং সরলতার প্রশংসা করেছেন প্রধানমন্ত্রী।

*************************

কেন্দ্রীয়  নারী ও শিশুকল্যাণ মন্ত্রী অন্নপূর্ণা দেবী আগামীকাল নতুন দিল্লিতে “বাল্যবিবাহ মুক্ত ভারত” অভিযানের এক বছর পূর্তি উপলক্ষে ১০০ দিনের এক সচেতনতামূলক অভিযানের আনুষ্ঠানিক সূচনা করবেন।

এর মাধ্যমে, মন্ত্রকের তরফে দেশজুড়ে সব নাগরিক, বিভিন্ন প্রতিষ্ঠান ও সম্প্রদায়ের নেতাদের এই আন্দোলনে যোগদানের জন্য আহ্বান জানানো হবে। বাল্যবিবাহ মুক্ত ভারত গড়ে তোলার জন্য দেশের প্রতিশ্রুতিও পুনর্ব্যক্ত করা হবে। মন্ত্রকের তরফে বলা হয়েছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, পঞ্চায়েতি রাজ, গ্রামীণ উন্নয়ন এবং শিক্ষা মন্ত্রকের সঙ্গে সমন্বয়ে এই অভিযানটি বাস্তবায়িত করা হবে।

উল্লেখ্য, গত ২০২৫-এর ২৭-শে নভেম্বর 'বাল্য বিবাহ মুক্ত ভারত' অভিযানের আনুষ্ঠানিক সূচনা হয়।

*************************

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, হুগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা।

এ সংক্রান্ত যাবতীয় তথ্য www.newsonair.gov.in –এ পাওয়া যাবে।

আবেদন জানানোর শেষ তারিখ, ১৫'ই ডিসেম্বর।

*************************

আকাশবাণী কলকাতার দুপুর ১.৪০-এর স্থানীয় সংবাদের সময়সীমা ৫ মিনিট থেকে বেড়ে হচ্ছে ১০ মিনিট। আজ থেকেই তা শোনা যাবে।

*************************

দিল্লী পুরনিগমের অধীন জাতীয় রাজধানীর ১২ টি ওয়ার্ডের মধ্যে বিজেপি ৭ টি ওয়ার্ডে জয়লাভ করেছে। অন্যদিকে, আম আদমী পার্টির দখলে গেছে তিনটি আসন। কংগ্রেস এবং সর্বভারতীয় ফরওয়ার্ড ব্লক একটি করে আসন পেয়েছে।

উল্লেখ্য, ৫৮০ টি পোলিং বুথে গত ৩০ শে নভেম্বর উপনির্বাচনে ভোট নেওয়া হয়। ২৬ জন মহিলা সহ ৫১ জন প্রার্থী ছিলেন প্রতিদ্বন্দ্বিতার আসরে।

*************************

ঘূর্ণিঝড় দিতওয়াহ-র তান্ডবে শ্রীলঙ্কায় মৃতের সংখ্যা হু হু করে বাড়ছে। নিরপর্যয় মোকাবিলা কেন্দ্র জানিয়েছে, ভয়াবহ বন্যা ও ভূমিধ্বসের কারণে এখনো পর্যন্ত ৪৭৪ জনের মৃত্যু হয়েছে। নিখোঁজ ৩৫৬ জন। সবথেকে ক্ষতিগ্রস্ত ক্যান্ডিতে মৃতের সংখ্যা ১১৮ ছাড়িয়েছে।

এদিকে, অপারেশন সাগর বন্ধুর অধীনে ভারত, তাদের সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে। ত্রাণ কাজের জন্য আকাশ, সমূদ্র এবং স্থলপথে সহায়তা পাঠানো হচ্ছে। ত্রিকোনমালিতে INS সুকন্যায় পাঠানো ত্রাণ সামগ্রী, শ্রীলঙ্কার বায়ু সেনা আকাশপথে তুলে নিয়ে গিয়ে দেশের পূর্বাঞ্চলে বিতরণের ব্যবস্থা করেছে। পুত্তালামে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর সঙ্গে সহযোগিতায় ভারত, আটকে পড়া বাসিন্দাদের উদ্ধারে হাত লাগিয়েছে। উদ্ধার করা হয়েছে ৮শো জনকে।

গতকাল, বায়ুসেনার হেলিকপ্টারে সাড়ে ৫ টনের বেশী ত্রাণ সামগ্রী পাঠিয়েছে ভারত।

*************************

বিদেশমন্ত্রী ড এস জয়শঙ্কর আজ বলেছেন, সরকার গত তিন বছরে 'মদদ' পোর্টালের মধ্যমে ১ লক্ষ ৩৮ হাজার অভিযোগের নিষ্পত্তি করেছে। নতুন দিল্লীতে আজ ভারতের বিশ্ব বার্ষিক কনক্লেভে যোগ দিয়ে শ্রী জয়শঙ্কর বলেন, ভারতীয় সম্প্রদায়ের কল্যাণ তহবিলের জন্য পাসপোর্টের ওপর সংগ্রিহীত সেসের মাধ্যমে প্রায় ২ লক্ষ ৩৮ হাজার মানুষ উপকৃত হয়েছেন। দেশে পাসপোর্ট করা এখন আর কোনো কঠিন ব্যাপার নয়। সারা দেশে ৫ হাজারের বেশী জায়গা থেকে পাসপোর্ট অস্যুর কাজ হয়ে থাকে। অনুপ্রবেশ নিয়ে শ্রী জয়শঙ্কর বলেন, সীমান্তে নজরদারি এড়িয়ে অনিয়ন্ত্রিত আনাগোনা দেশের স্বার্থ বিরুদ্ধ। এ জন্য অন্যান্য দেশ থেকেও সহযোগিতা প্রয়োজন।

( বাইট- জয়শঙ্কর )

*************************

রিজার্ভ ব্যাঙ্কের মুদ্রানীতি কমিটি, দ্বি-মাসিক আর্থিক নীতি এবং সুদের হার পর্যালোচনা করতে আজ বৈঠকে বসেছে। তিনদিন ব্যাপী এই বৈঠক শেষে আগামী শুক্রবার গৃহীত সিদ্ধান্তগুলি ঘোষণা করবেন রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর সঞ্জয় মালহোত্রা। চলতি বছরের

ফেব্রুয়ারী থেকে সুদের হার কমাতে শুরু করেছে আর বি আই। তিন দফায় রেপোরেট ১-শো বেসিস পয়েন্ট কমিয়ে ৫ দশমিক পাঁচ শতাংশে নামিয়ে আনা হয়।

*************************

ভারতীয় আবহাওয়া দপ্তর আজ পাঞ্জাব ও মধ্য মহারাষ্ট্রে শৈত্যপ্রবাহের পূর্বাভাস দিয়েছে। বজ্রবিদ্যুত সহ হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে কেরালা মাহে, তামিলনাডু, পুদুচেরী, কারাইকালে। অন্ধ্রপ্রদেশে আগামীকাল পর্যন্ত ঝোড়ো হাওয়া ও ঝড়বৃষ্টি চলবে।

অন্যদিকে, আসাম, মেঘালয়, হিমাচল প্রদেশ, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম, ত্রিপুরা এবং ওড়িশায় কুয়াশা থাকবে।

এদিকে, জাতীয় রাজধানী এলাকায় আজও বাতাসের গুনমান অত্যন্ত খারাপ বলে রেকর্ড করা হয়েছে।

*************************

রায়পুরে আজ দ্বিতীয় একদিনের ক্রিকেট ম্যাচে দক্ষিণ আফ্রিকার টসে জিতে ভারতকে প্রথমে ব্যাট করতে পাঠিয়েছে। রবিবার রাঁচিতে প্রথম একদিনের ম্যাচে ভারত, দক্ষিণ আফ্রিকাকে ১৭ রানে হারিয়ে তিন ম্যাচের সিরিজে ১-০ তে এগিয়ে গেছে। অসুস্থতার কারণে সিরিজের প্রথম ম্যাচ খেলতে পারেননি দক্ষিণ আফ্রিকা অধিনায়ক টেমবা বাভুমা। দ্বিতীয় ম্যাচে দলে ফিরছেন তিনি।

*********************************************************************